গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পানছড়ি,খাগড়াছড়ি।

নং-৩২.০১.৪৬৭৭.০১৪.০৬.১০০.২২- ১৫৮ তারিখ: ২১/১২/২০২২খ্রিঃ।

" সভার বিজ্ঞপ্তি "

উপজেলার স্থায়ী কমিটির ডিসেম্বর ২০২২খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভা নিম্নোক্ত সময় সূচী অনুযায়ী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

তারিখ	সময়	সভার নাম	স্থান
২২/১২/২২২.খ্রিঃ	সকাল ১১.৩০ টা।	উপজেলা কমিটির সভা।	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

21/12/22
(মনিকা বড়ুয়া)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পানছড়ি,খাগড়াছড়ি।

প্রাপকঃ...
পানছড়ি, খাগড়াছড়ি।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে -

১। প্যানেল চেয়ারম্যান,উপজেলা পরিষদ, পানছড়ি।

২। উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি।

৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৪। অফিস কপি।

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির ডিসেম্বর ২০২২খ্রি: মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : মিসেস মনিতা ত্রিপুরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি।
সভার তারিখ ও সময় : ২২/১২/২০২২খ্রি:। সকাল ১১.৩০ টা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পানছড়ি।
বিবেচ্য মাস : অক্টোবর- ডিসেম্বর ২০২২খ্রি,।

আলোচ্য সূচী : ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কার্যালয়ের বিভিন্ন কার্যক্রম ও প্রকল্প বাস্তবায়ন।
২। বিবিধ।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর নিম্নরূপ :

ক্র/নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মিসেস মনিতা ত্রিপুরা	মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, পানছড়ি	স্বাক্ষরিত
০২	জনাব আনন্দ জয় চাকমা	চেয়ারম্যান, চেংগী ইউপি, পানছড়ি।	“
০৩	জনাব মো আহির উদ্দীন	চেয়ারম্যান, উল্টাছড়ি ইউপি, পানছড়ি।	“
০৪	জনাব জয় কুমার চাকমা	চেয়ারম্যান, লোগাং ইউপি, পানছড়ি।	“
০৫	জনাব মনিকা বড়ুয়া	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব	“

ক) সভাপতি উপজেলা কমিটি (মহিলা বিষয়ক কমিটি) সভায় উপস্থিত সদস্যদের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি শুরুতেই কমিটির সভা নিয়মিত করা এবং গত সভার কার্যবিবরণী পাঠ করেন। পঠিত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় সকলের সম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়। অত:পর তিনি মহিলা বিষয়ক কর্মকর্তাকে কার্যালয়ের বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন মুলক কার্যক্রম ও উন্নয়ন প্রকল্পের প্রস্তাব তুলে ধরার জন্য অনুরোধ জানান। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত সভাপতিসহ কমিটির সদস্যদের শুভেচ্ছা ও নমস্কার জানিয়ে বলেন যে, আমাদের দেশে তৃনমুল পর্যায়ের অধিকাংশ নারী শিক্ষার আলো থেকে বঞ্চিত ও দারিদ্র সীমার নীচে বসবাস করে। এসব নারীদের বিভিন্ন আয়বর্ধক প্রশিক্ষণের মাধ্যমে বেকারত্ব দূর করা এবং তাদের আত্মনির্ভরশীল করে গড়ে তোলা। নিজেদের উৎপাদিত দ্রব্য বাজারে বিপনন হলে পরিবারে আয় রোজগার বৃদ্ধি পাবে এবং ব্যবসায়িক মনোভাব গড়ে উঠবে। এসব মহিলাদের দেখে অন্যান্য মহিলারা অনুপ্রাণিত হবে এবং নিজেদের সংসারে আয় রোজগার বৃদ্ধি পাবে। ফলে সমাজে নারীদের আত্ম পরিচয় ঘটবে এবং নারীরা শিক্ষা ও অন্যান্য পেশায় সাবলীল ভাবে অংশ গ্রহণ করবে। ফলে সমাজ ব্যবস্থার পরিবর্তন হলে বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতনসহ বিভিন্ন ধরণের অপরাধ কমে আসবে। বিভিন্ন আলাপ-আলোচনার পর নিম্নোক্ত বিষয় বস্তু তুলে ধরা হল।

ক্র/নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
০১	ভিডব্লিউবি : ২০২৩-২০২৪ ভিডব্লিউবি (পূর্বের নাম ভিজিডি) চক্রের জানুয়ারী/২৩ হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত দুই বছর মেয়াদে ভিডব্লিউবি কার্যক্রম চলমান আছে। উক্ত চক্রের প্রকৃত উপকারভোগীরা যেন সুবিধা পায় সেদিকে সজাগ থাকতে হবে।	প্রকৃত উপকারভোগীরা যেন ভিডব্লিউবি কার্ড পায় সে ব্যাপারে নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট বিভাগ ও ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানগণ।
০২	দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচী : দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান এবং মা ও শিশু সহায়তা কর্মসূচিকে দু'টি কর্মসূচিকে একীভূত করে ২০২২-২৩ অর্থ বছর হতে মা ও শিশু সহায়তা কর্মসূচি নামে পরিচালিত হবে। এই কর্মসূচি অচিরেই শুরু হবে।	দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান এবং মা ও শিশু সহায়তা কর্মসূচিকে দু'টি কর্মসূচিকে একীভূত করে মা ও শিশু সহায়তা কর্মসূচি নামে পরিচালিত হবে। যে নামেই হোক না কেন মহিলার যেন সুবিধা থেকে বঞ্চিত না হন।	সংশ্লিষ্ট বিভাগ ব্যাংক ম্যানেজার ও ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানগণ।
০৩	প্রশিক্ষণ : মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্পের আওতায় দুটি ট্রেডে ২৫ জন করে ৫০ জন মহিলাদের তিন মাস অন্তর প্রশিক্ষণ প্রদান করা হয়।বর্তমানে ১৭তম ও ১৮তম ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে।	প্রশিক্ষণ লব্ধ জ্ঞান কাজে লাগানোর জন্য গরীব মহিলাদের সেলাই মেশিন বা অর্থ সহায়তা বিষয়ে উপজেলা প্রশাসনের সহায়তা প্রয়োজন।	উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট বিভাগ

০৪	ক্ষুদ্র ঋণ কর্মসূচী : বর্তমানে ঋণ গ্রহিতার সংখ্যা মোট ১৯২ জন। চলমান ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায় করা হচ্ছে এবং খেলাপী ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে।	ঋণ বিতরণ কার্যক্রম আরও জোরদার করা এবং খেলাপী ঋণ আদায়ের লক্ষে সকলে সহযোগিতা প্রদান করা ।	সংশ্লিষ্ট বিভাগ ও ইউপি চেয়ারম্যানগন।
০৫	কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প : জনবল নিয়োগ প্রদান করা হয়েছে এবং কার্যক্রম চালু আছে। সিএমসি কমিটির প্রত্যেক সদস্যদের উক্ত ক্লাব পরিদর্শন করা এবং ক্লাবের সমস্যা চিহ্নিত করে সমস্যা নিরসনের সুপারিশ প্রনয়ন করা।	প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যে যেন সফলতা পায় সেদিকে নজর দিতে হবে। উক্ত কার্যক্রম মনিটরিং করার জন্য কমিটির সকলকে অনুরোধ করা হলো।	সংশ্লিষ্ট বিভাগ ও কমিটি সকল।
০৬	উঠান বৈঠক : ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ, নারী ও শিশু পাচার প্রতিরোধ, ইভটিজিং এবং মানব পাচারসহ ইত্যাদি বিষয়ে সচেতনতা মুলক উঠান বৈঠক করা হয়।	নারী ও শিশুদের সমস্যার বিষয়ে সবার আগে অগ্রাধিকার দিতে হবে। কারণ নারীদের পিছনে রেখে দেশ কখনও উন্নতি লাভ করতে পারবে না।	সংশ্লিষ্ট বিভাগ ও কমিটি সকল।
০৭	**নারী উন্নয়ন প্রকল্প প্রস্তাব :** জীবিকায়ন সৃষ্টির লক্ষ্যে উপজেলায় ব্লক বাটিক ও নকশি কাঁথা প্রশিক্ষণ প্রদান করা যায়। উক্ত প্রশিক্ষণ চালু করা গেলে অনেক মহিলা নিজস্ব ভাবে আয়বর্ধক কাজে নিজেকে সম্পৃক্ত করতে পারবে এবং উদ্যোক্তা সৃষ্টি হবে।	উক্ত প্রশিক্ষণ চালু করার বিষয়ে প্যানেল চেয়ারম্যান ও ইউএনও মহোদয়ের সাথে আলাপ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকলে অনুরোধ করেন।	সংশ্লিষ্ট বিভাগ

উপরোক্ত বিষয় ও পাইলট প্রকল্প বাস্তবায়ন করা হলে অত্র পানছড়ি উপজেলায় নারী নির্যাতনসহ বিভিন্ন অপরাধ কমিয়ে আসবে এবং উদ্যোক্তা সৃষ্টি হবে। নারীরা বিভিন্ন পেশা বা কর্মকান্ডে জড়িত থাকলে তাদের মনে পরিবর্তন আসবে এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি পাবে।

২২/১২/২২
(মনিতা ত্রিপুরা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা কমিটি, মহিলা বিষয়ক অধিদপ্তর
পানছড়ি, খাগড়াছড়ি।

স্মারক নং-৩২.০১.৪৬৭৭.১০.০৬.০৭৩.২১- ১৬১ তারিখ : ২২/১২/২০২২খ্রি:।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ :

০১। প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা। (সদয় জ্ঞাতার্থে)
০২। উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।(সদয় জ্ঞাতার্থে)
০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। চেয়ারম্যান……………………………………ইউনিয়ন পরিষদ, পানছড়ি।
০৫। অফিস কপি।

২২/১২/২২
(মনিকা বড়ুয়া)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পানছড়ি,খাগড়াছড়ি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পানছড়ি, খাগড়াছড়ি।

মহিলা ও **শিশু উন্নয়ন বিষয়ক** উপজেলা কমিটির ডিসেম্বর...২০২২খ্রি: মাসের সভা **উপস্থিতির স্বাক্ষর নিম্নরুপ :**

তারিখ:...২২../..১২.../২০২২...খ্রি:।

ক্র/নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	২	৩
০১	জনাব আনন্দজয় চাকমা, চেয়ারম্যান ২নং চেংগী ইউনিয়ন **পরিষদ**, পানছড়ি ।	Ananda 22/12/22
০২	জনাব মো:আহির উদ্দিন, চেয়ারম্যান , ৫নং উল্টাছড়ি ইউনিয়ন পরিষদ, পানছড়ি ।	22/12/22
০৩	জনাব জয়কুমার চাকমা, প্যানেল চেয়ারম্যান, ১নং লোগাং ইউনিয়ন পরিষদ পানছড়ি ।	২২/১২/২২
০৪	জনাব মনিকা বড়ুয়া, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব,পানছড়ি।	২২/১২/২২